



পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮,৯,১০)

৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা-১০০০।

www.pallisanchaybank.gov.bd

শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

নং পসব্য/প্রকা/পরি-২২(অংশ-২)/২০২২-২৩ / ১৩৫

তারিখঃ ১৫.০৫.২০২৩

ক. জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

সকল জেলা, পল্লী সঞ্চয় ব্যাংক।

খ. শাখা ব্যবস্থাপক

সকল শাখা, পল্লী সঞ্চয় ব্যাংক।

বিষয়: শাখাসমূহের চাহিদার প্রেক্ষিতে তহবিল প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। আপনারা অবহিত আছেন যে, আপনাদের চাহিদার প্রেক্ষিতে এবং ব্যাংক ব্যবস্থাপনার সদয় সিদ্ধান্তের আলোকে সমিতির সদস্যগণের আর্থ সামাজিক অবস্থার উন্নয়নকল্পে আপনার শাখায় যথারীতি ঋণ প্রদানের নিমিত্ত তহবিল প্রেরণের ব্যবস্থা নেয়া হয়েছে।

প্রেরিত তহবিল এর ব্যবহার সংক্রান্ত নিম্নোক্ত নির্দেশনা প্রেরণ করা হলো যা মাঠ পর্যায়ে কর্মরতদের অনুসরণ করার জন্য নির্দেশ দেয়া হলো:

- নতুন বিতরণকৃত ঋণের সদ্যবহার নিশ্চিত করতে হবে অর্থাৎ যেই প্রকল্প / উদ্দেশ্যে ঋণ নেয়া সেই প্রকল্প / উদ্দেশ্যে বাস্তবায়ন করতে হবে।
- নতুন বিতরণকৃত ঋণ যেন কোন ক্রমেই খেলাপী না হয় সেই ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- নিয়মিত ঋণের কিস্তি আদায়ের পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- শাখার মেয়াদোত্তীর্ণ ঋণ আদায়ে বিশেষ ত্রাশ প্রোগ্রামের ব্যবস্থা করতে হবে।
- সমিতিভিত্তিক সঞ্চয় আদায়ের ব্যবস্থা করতে হবে। সঞ্চয় আদায় না হলে ভবিষ্যতে তহবিল সংকট তৈরি হবে।
- প্রেরিত তহবিল শাখার বিদ্যমান সকল সমিতিতে সমহারে ঋণ বিতরণের জন্য বিনিয়োগ করতে হবে।
- সদস্যদের প্রকল্পগুলো যেন ফলপ্রসূ হয় এর জন্য সময়ে সময়ে প্রকল্পগুলো পরিদর্শন করতে হবে।
- নিয়মিত উঠান বৈঠকের আয়োজন করতে হবে এবং সদস্যদের ঋণ প্রস্তাব উঠান বৈঠক চলাকালে সমিতির সকলের সম্মুখে তৈরি করতে হবে।

০৩। প্রেরিত তহবিল এর সদ্যবহার, লক্ষ্যমাত্রা মোতাবেক ঋণ বিতরণ এবং আদায় নিশ্চিত করতে ব্যর্থ হলে জেলা কর্মকর্তা এবং সংশ্লিষ্ট শাখার ঋণ বিতরণের সঙ্গে জড়িত সকলের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(শেখ মোঃ জামিনুর রহমান)

ব্যবস্থাপনা পরিচালক

ফোন (অফিস): ০২-৫৫১৩৮৫৫৯

তারিখঃ ১৫.০৫.২০২৩

নং পসব্য/প্রকা/পরি-২২(অংশ-২)/২০২২-২৩ / ১৩৫(৫)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

১. স্টাফ অফিসার টু উপব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;

২. স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;

৩. অফিস নথি

(মোঃ তানভীর হাসান মজুমদার)

সিনিয়র অফিসার